তারিখ 11 FEB 2016
পৃষ্ঠা ১৬ কলাম ২

দৈনিক ইত্তেফাক

# ভাঙ্গুড়ার স্কুলগুলোতে নৈতিকতা শিখানোর উদ্যোগ

■ মাহবুব-উল-আলম, ভাঙ্গুড়া (পাবনা) সংবাদদাতা

ভাঙ্গুড়ার প্রাইমারি স্কুলগুলোতে নীতি-নৈতিকতা শিখানোর উদ্যোগ নিয়েছে উপজেলা প্রশাসন।

এই উদ্যোগের অংশ হিসেবে পৌর এলাকার বিভিন্ন প্রাইমারি স্কুলের শ্রেণি কক্ষে নৈতিক কর্মকাণ্ডের ছবি টানানো হয়েছে। ছবির নিচে মনীষীদের বাণী লেখা হয়েছে। সেই সব ছবি দেখে ও বাণী পড়ে কোমলমতিদের পড়াশুনা শুরু হয়।

সারুটিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে গিয়ে দেখা গেছে, শিশুরা নৈতিকতার উপরে চিত্রাঙ্কন ও রোল প্লে করছে। তারা সুন্দর করে সালাম বিনিময় করতে শিখেছে। হাসি মুখে অভুক্ত সহপাঠীদের নিয়ে খাবার খাচ্ছে। স্কুল আঙ্গিনায় কোনো কাগজ বা গাছের পাতা পড়ে নেই। শ্রেণি কক্ষ ও স্কুলের আঙ্গিনা পরিচ্ছন্ন। প্রধান শিক্ষিকা হাবিবা খন্দকার শিক্ষার্থীদের আচরণে ইতিবাচক পরিবর্তন আনতে নীতিবাক্য সম্বলিত পোস্টার টানিয়েছেন। জাতীয় সঙ্গীত পরিবেশনের সময় ওইসব নীতিবাক্য পাঠ করানো হয়।

ভাঙ্গুড়া সরকারি মডেল প্রাইমারি স্কুল, সেবাব্রতি কিন্ডার গার্টেন স্কুলসহ বিভিন্ন স্কুলে এই প্রকল্পের প্রভাব পরিলক্ষিত হয়েছে।

এ ব্যাপারে ইউএনও শামছুল আলম জানান, সামাজিক দ্বন্দ্ব, অবিশ্বাস ও দুর্নীতি টেকসই উন্নয়নের বড় বাধা। তাই প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভিশন ২০২১ এ পৌছাতে এবং সামাজিক উন্নয়নকে ত্বরান্বিত করতে শিশুদের নৈতিক শিক্ষায় গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়েছে। এর প্রস্তুতি হিসেবে গত ৮ মাস ধরে সরকারি প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষকদের প্রশিক্ষণ দেয়া হচ্ছে। উপজেলা শিক্ষা অফিসার সিদ্দিকুর রহমানসহ ইনোভেশন টিমের কর্মকর্তা ও সিভিল সোসাইটির সমন্বয়ে এথিক্যাল ফাউন্ডেশন নামে একটি প্রতিষ্ঠান দাঁড় করানো হয়েছে।